

## ভূমিকা

বাংলা ভাষায় প্রথম গোয়েন্দা কাহিনি কে লিখেছেন তা নিয়ে নানা মূনির নানা মত। অনেকে মনে করেন, ১৮৯৩ সালে কলকাতার ‘নবজীবন’ পত্রিকায় প্রকাশিত গিরিশচন্দ্র বসুর ‘সেকালের দারোগার কাহিনী’ বাংলা ভাষায় রচিত প্রথম গোয়েন্দা গল্প। এরপরে অনেকেই এসেছেন। বাঙালির চিরকালের প্রিয় সত্যাষেধী এসেছেন, রোমাঞ্চ জাগাতে এসেছেন ফেলুদা। নানান রহস্যের ওপর থেকে তাঁরা কালো পর্দা সরিয়েছেন। তখন সাইবার অপরাধের সঙ্গে পৃথিবীর মানুষের সাক্ষাৎ হয়নি। আমাদের এই বইটি ‘সাইবার রহস্য রোমাঞ্চ’ বললে মন্দ হয়না। সাইবার ক্রাইমের গল্পের বইয়ের ভূমিকা, সাইবার ক্রাইমের ধরন এবং তার বিরুদ্ধে পাল্টা সাইবার আক্রমণের চেষ্টা করার গল্পে আপনাদের স্বাগতম। এই বইয়ের মাধ্যমে সাইবার প্রগতিতে আমরা কতটা এগিয়েছি এবং সাইবার ক্রাইমের প্রতিরোধে কীভাবে সুরক্ষা প্রদান করা যেতে পারে তা জানব। আমরা সাইবার ক্রাইমের ধরন এবং সাইবার ক্রাইমের পরিস্থিতির সঠিক বিবেচনা করবো, যাতে সাইবার জগতে আমরা সুরক্ষিত থাকতে পারি। আপনি যদি সাইবার সুরক্ষা ও ডিটেকটিভ গল্পে আগ্রহী হন, তাহলে এই বইটি আপনার জন্য অত্যন্ত রুচিকর অভিজ্ঞান হতে পারে।

—দীপায়ন ঘোষ